



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.১৮.১০০.২১.৫৬৭

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮
৮ সেপ্টেম্বর ২০২১

বিষয়: বৈদেশিক অর্থ সহায়তায় সিটি কর্পোরেশনসমূহের উন্নয়নমূলক কাজ সম্পাদনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র: Md. Mynul Hoque Khan, President & CFO, Sonar Bangla Embankment Project Ltd.
এর আবেদন, তারিখ: ২২/৮/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের পরিপ্রেক্ষিতে সিটি কর্পোরেশনসমূহে সোনার বাংলা এম্ব্যাংকমেন্ট প্রজেক্ট লিমিটেড এর মাধ্যমে বৈদেশিক দাতাসংস্থার আর্থিক সহায়তায় উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব বিবেচনার পূর্বে নিম্নবর্ণিত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

- সোনার বাংলা এম্ব্যাংকমেন্ট প্রজেক্ট লিমিটেড এর সাথে কোন কোন বিদেশী দাতা সংস্থা এবং আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানসমূহের সংযোগ রয়েছে এবং দেশে/বিদেশে কোন কোন ক্ষেত্রে এ ধরনের বৈদেশিক অর্থ সহায়তার ব্যবস্থা করেছে;
- ইতোপূর্বে বাংলাদেশের কোন সরকারি প্রতিষ্ঠানে এ ধরনের কাজ করেছে কি না; এবং
- কোম্পানী সম্পর্কে ধারণা লাভের জন্য কোম্পানীর প্রোফাইল।

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব

ফোন: ৯৫৪৫৪১৬

ই-মেইল: lgcc2@lgd.gov.bd

Md. Mynul Hoque Khan
President & CFO
Sonar Bangla Embankment Project Ltd.
House # 408, Road # 29
DOHS, Mohakhali
Dhaka-1206.
মোবাইল: ০১৭৯৮-৫৯৬৫১৬
ই-মেইল: sbepltd20@gmail.com

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।